



229817 - ইসলামে খালার মর্যাদা ও অধিকার

প্রশ্ন

খালা ও ভগ্নপিত্রের মাঝে সম্পর্ককে ধরন কমন হওয়া চাই? ভগ্নপিত্র কি খালার সাথে মুসাফাহা করতে পারে? ইসলামে খালার মর্যাদা ও অধিকার কি? খালা কিত্র ভগ্নপিত্রদের সামনে মুখ খুলে আসতে পারনে? আশা করা বিস্তারতি জানাবনে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

ইসলামে খালার উচ্চ মর্যাদা রয়েছে। খালা মায়ের সমান। সুনানে আবু দাউদ (২২৭৮) এ আলী (রাঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: “খালা হচ্ছে মায়ের সমান” [আলবানি হাদিসটি সহি আবু দাউদ গ্রন্থে সহি আখ্যায়তি করছেন]

এ হাদিসের মর্মার্থ সম্পর্কে বলা হয়: খালা প্রতাপিলনের ক্ষেত্রে মায়ের সমান অধিকার রাখেন। কারণ হাদিসটিতে প্রসঙ্গে উদ্ধৃত হয়েছে। [ফাতহুল বারী ৭/৫০৬]

কারো কারো মতে, প্রতাপিলন ও অন্যায় ক্ষেত্রে খালা মায়ের সমান।

ইমাম যাহাবী “আল-কাব্যারে” গ্রন্থে বলেন: অর্থাৎ সদব্যবহার, সম্মান করা ও আত্মীয়তার সম্পর্ক রক্ষার ক্ষেত্রে।

সমাপ্ত

আরও দেখুন শাইখ উছাইমীনে “শারহু বুলুগুল মারাম” (৫/২০৩)

সুনানে তরিমযিতে দ্বিতীয় অর্থটির সপক্ষে ইবনে উমর (রাঃ) থেকে একটি হাদিস বর্ণিত হয়েছে যে, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলল: আমি একটি মহাপাপ করছি। আমার জন্যে কিতওয়া করার সুযোগ আছে? তিনি বললেন: “তোমার কি মা আছে?” সে বলল: না। তিনি বললেন: তোমার কি খালা আছে? সে বলল: হ্যাঁ আছে। তিনি বললেন: তাহলে তাঁর সাথে সদাচরণ কর। [সহিত তারগীব গ্রন্থে (২৫০৪) আলবানি হাদিসটিকে সহি আখ্যায়তি করছেন]

এ হাদিসটি প্রমাণ করে যে, খালার সাথে সদাচরণ করা ও ভাল ব্যবহার করা নকে আমল ও গুনাহ মচেনরে মাধ্যম।



সুনানে আবু দাউদ (৪৯৭০) গ্রন্থে আয়শো (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন: ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার সকল বান্ধবীর কুনয়িত বা উপনাম রয়েছে। তিনি বলেন: তাহলে তুমি তোমার ছলে আব্দুল্লাহর নামে কুনয়িত গ্রহণ কর। অর্থাৎ বোনরে ছলে আব্দুল্লাহ। এরপর তিনি 'উম্মে আব্দুল্লাহ' বা 'আব্দুল্লাহর মা' নামে কুনয়িত গ্রহণ করেন।

আব্দুল্লাহ হচ্চেনে- আব্দুল্লাহ ইবনে যুযায়রে। তিনি আয়শো (রাঃ) এর বোন আসমা (রাঃ) এর ছলে। এ হাদিসে পূর্ববোক্ত হাদিসে উল্লেখিত বান্ধবীর পাকাপোক্ত করা হয়েছে যে, খালা মায়রে সমান।

তাই মুসলমানরে কর্তব্য খালার সাথে সদ্ব্যবহার করা, ভাল আচরণ করা ঠিকি যভাবে তার মায়রে সাথে আচরণ করে থাকে। আরও জানতে [148430](#) নং প্রশ্নোত্তর দেখুন।

দুই:

প্রত্যকে ব্যক্তরি খালা তার নজিরে ও তার সন্তানসন্ততিসবার খালা, অনুরূপভাবে তার ফুফু তার নজিরে ও তার সন্তানসন্ততিসবার ফুফু। তাই বাপরে ফুফু আপনারও ফুফু। বাপরে খালা আপনারও খালা। একই কথা মায়রে ফুফু ও মায়রে খালার ক্ষেত্রে। আরও জানতে [34791](#) নং প্রশ্নোত্তর দেখুন।

তিনি:

কোন ব্যক্তরি খালা তার মোহরমে। অতএব, খালার সাথে মুসাহাফা করা, খালার সাথে নরিজনে থাকা, একত্রে সফর করা জায়যে। খালার জন্য বোনপুতরে সামনে মুখ খোলা রাখা জায়যে। যভাবে মা ছলেদের সামনে মুখ খোলা রাখেনে। মুসলমি নারীর জন্য মোহরমে পুরুষদের সামনে কথিবা নারীদের সামনে প্রচলতি অভ্যাস ও শষ্টিচার বজায় রেখে চহোরা, মাথা, গর্দান, হাত ও হাঁটুর কছি অংশ খোলা রাখা জায়যে আছে।

কনিতু এদের সামনে খাটো, ফনিফনি স্বচ্ছ কথিবা আঁট-সাঁট পোশাক পরা জায়যে নহে।

আরও জানতে দেখুন [82994](#) নং ও [43480](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই ভাল জানেন।